ইত্তেফাক

তারিখ ২৭।৭।৮৭
পৃষ্ঠা ২ কলাম ৭

477

004

# ময়মনসিংহ মুসলিম গার্লস স্কুলকে সরকারী বিদ্যালয়ে পরিণত করার দাবী

সুদীর্ঘকাল যাবৎ আমরা ময়মনসিংহ শহরের জনসাধারণ মাধ্যমিক স্তরের মেয়েদের শিক্ষাদানের জন্য আরও একটি সরকারী বালিকা বিদ্যালয়ের অভাব বোধ করিতেছি। জনবহুল ও বর্ধিষ্ণু এই শহরের মেয়েদের শিক্ষাদানের জন্য মাধ্যমিক বিদ্যালয়গুলির মধ্যে মাত্র দুইটি সরকারী বিদ্যালয় আছে যাহা শহরের ছাত্রী সংখ্যার অনুপাতে যথেষ্ট নয়। কারণ উক্ত দুইটি প্রতিষ্ঠানের মধ্যে আবাসিক আদর্শ বালিকা বিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত ও ব্যয়বহুল। একমাত্র বিদ্যাময়ী সরকারী বালিকা বিদ্যালয়টির উপর সকল অভিভাবকের দৃষ্টি নিবদ্ধ থাকে। ফলে ভর্তি সমস্যা প্রকট হইয়া পড়ে। এই পরিস্থিতিতে ময়মনসিংহ শহরের সর্বস্তরের জনসাধারণ দীর্ঘদিন যাবৎ আরো একটি সরকারী বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার দাবী করিয়া আসিতেছেন। এই সমস্যা সমাধানকল্পে অত্র শহরের জনসাধারণের পক্ষ হইতে আমরা ময়মনসিংহ মুসলিম উচ্চ বালিকা বিদ্যালয়টিকে সরকারী বিদ্যালয়ে পরিণত করার দাবী জানাইতেছি। উক্ত বিদ্যালয়টির চতুর্দিকে রহিয়াছে ঘনবসতিপূর্ণ সরকারী ও বেসরকারী আবাসিক এলাকা এবং পার্শ্বেই রহিয়াছে সরকারী মুমিনুননেছা মহিলা মহাবিদ্যালয় ও আনন্দমোহন সরকারী মহাবিদ্যালয়। অতীতেও এই বিদ্যালয়টিকে সরকারী বিদ্যালয়ে পরিণত করার কথা শুনা যাইত। কিন্তু স্বাধীনতা-উত্তরকালে যে কারণেই হউক তাহা বাস্তবায়িত হয় নাই। কিছুদিন যাবৎ আমরা শুনিতেছি যে, ময়মনসিংহ শহরে মেয়েদের একটি স্কুল সরকারী নিয়ন্ত্রণে নেওয়া হইবে।

ঐতিহ্যবাহী মুসলিম উচ্চ বালিকা বিদ্যালয়টিকে সরকারী বালিকা বিদ্যালয়ে পরিণত করার জন্য বাংলাদেশ সরকার ও শিক্ষামন্ত্রীর নিকট দাবী জানাইতেছি।

—মোঃ অলিউল ইসলাম,
সানকীপাড়া, ময়মনসিংহ।